তারিখ ... ১৪/৭/৮৩ ...
পৃষ্ঠা ... ... কলাম ... ...

052

ইত্তেফাক

প্রাথমিক শিক্ষক নিয়োগ ও বদলি বন্ধ থাকায় বিভিন্ন স্কুলে বহুপদ শূন্য

প্রাথমিক শিক্ষক নিয়োগ বন্ধ থাকার কারণে শিক্ষকের পদ শূন্য পড়িয়া থাকায় বিপুল সংখ্যক কচি ছেলেমেয়ের ভবিষ্যৎ অনিশ্চিত অবস্থার সম্মুখীন হইয়াছে। অপরদিকে প্রশিক্ষণপ্রাপ্ত ও প্যানেলভুক্ত বহুসংখ্যক পুরুষ ও মহিলার ভাগ্যে দীর্ঘ দিনেও শিক্ষকতার চাকুরী জোটে নাই। এমন রিপোর্টও পাওয়া যায় যে, ৪/৫শত ছাত্র-ছাত্রীর প্রাথমিক স্কুলে মাত্র ১জন শিক্ষক বহাল থাকায় শিক্ষার নামে প্রহসন চলিতেছে।

কক্সবাজার হইতে আমাদের সংবাদদাতা জানান, অত্র মহকুমায় সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৩ শত ৬০টি। ঐ গুলির জন্য মোট ১ হাজার ৯ শত ৩টি শিক্ষকের পদ থাকিলেও দুইশত পদ প্রায় দুই বছর ধরিয়া শূন্য পড়িয়া রহিয়াছে এবং ইহার দরুন ছাত্র-ছাত্রীদের লেখাপড়া ব্যাহত হইতেছে।

নবাবগঞ্জের (ঢাকা) সংবাদদাতা জানান, অত্র থানার ৮৮টি প্রাথমিক বিদ্যালয়ে ৪ শতাধিক শিক্ষকের প্রয়োজন হইলেও মাত্র ২ শত ৮৭ জন শিক্ষক বহাল রহিয়াছেন। থানার বেশ কয়েকটি স্কুলে ছাত্র-ছাত্রীর সংখ্যা ৪/৫ শত থাকিলেও শিক্ষক রহিয়াছেন মাত্র একজন করিয়া। সে সব স্কুলে পড়াশুনা বাদ দিয়া ছাত্র-ছাত্রীদের হাজিরা লিপিবদ্ধ করা হইয়া থাকে। দৃষ্টান্তস্বরূপ মাতাবপুর, দক্ষিণহরি, কাথুর, দৌলতপুর, দুর্গাপুর, গরীন্দ্রপুর, আলালপুর প্রভৃতি স্থানের প্রাথমিক বিদ্যালয়ের নাম বিশেষভাবে উল্লেখ্য। ইহার মধ্যে গরীন্দ্রপুর অগ্রণী প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর সংখ্যা ৬ শত। শিক্ষক আছেন মাত্র ১ জন। প্রায় দুই বৎসর যাবৎ স্কুলগুলিতে এই অবস্থা চলিতেছে। থানা শিক্ষা অফিসার ঐ অবস্থার প্রতিকার করিতে পারিতেছেন না। কারণ, মন্ত্রণালয়ের নির্দেশে নূতন শিক্ষক নিয়োগ এবং থানার অভ্যন্তরে শিক্ষক বদলী বন্ধ রহিয়াছে।

মানিকগঞ্জের সংবাদদাতা জানান, অত্র মহকুমায় পিটিআই প্রশিক্ষণপ্রাপ্ত এবং চাকুরীর প্যানেলভুক্ত মোট সাড়ে ৩ শত পুরুষ ও মহিলা নিয়োগপত্র পাওয়ার আশায় দিন গুনিতেছেন ইহাদের মধ্যে কিছুসংখ্যক প্রার্থীর চাকুরী গ্রহণের বয়সসীমা পার হইয়া গিয়াছে। কেহ কেহ

(৫ম পৃঃ দ্রঃ)

প্রাথমিক শিক্ষক

(৩য় পৃঃ পর)

১০।১২ বৎসর পূর্বে প্রশিক্ষণ গ্রহণ করিলেও শিক্ষক নামের আদর্শ পেশা বা মানুষ গড়ার কাজে নিয়োজিত হইতে পারে নাই।

এদিকে মহকুমার প্রাথমিক স্কুলগুলিতে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক ও শিক্ষিকা না থাকায় কচি ছেলেমেয়েরা উপযুক্ত শিক্ষা লাভের সুযোগ হইতে বঞ্চিত হইতেছে।